

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭.১৪০

তারিখ : ২৭.০৫.২০১৯ খ্রি:

বিষয় : এম.পি.ও. প্রদানের বিষয়ে মতামত প্রেরণ।

সূত্র : জনাব মো: আব্দুর রহমান মন্ডল, সহকারী শিক্ষক (কম্পিউটার), বর্ধনকুঠি পাইলট উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনাব মো: আব্দুর রহমান মন্ডল, সহকারী শিক্ষক (কম্পিউটার), বর্ধনকুঠি পাইলট উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ গাইবান্ধা এর নিকট হতে বেতন ভাতা প্রদান সংক্রান্তে দাখিলকৃত আবেদনখানা এতদসংগে প্রেরণ করা হলো। তিনি গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার সহকারী সিনিয়র জজ আদালতের ৩০/২০০৭ নং মামলা, মহামান্য হাইকোর্ট বিভাগের সিভিল রিভিশন নং-২০১৬/২০১২ ও মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং ১৯১৪/২০১৪ এর আদেশ মোতাবেক বকেয়াসহ বেতন ভাতা প্রদানের জন্য আবেদন জানিয়েছেন।

২.০ সিনিয়র সহকারী জজ আদালত, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর ৩০/২০০৭ নং মামলার আদেশ নিম্নরূপ :

অদ্য হইতে আগামী ত্রিশ দিনের (৩০) মধ্যে বাদীকে নালিশি বিদ্যালয়ে যোগদানের তারিখ হইতে অদ্য পর্যন্ত বাদীর সমুদয় বেতনাদি যাবতীয় কল্যাণ ট্রাস্টের টাকা ও গ্রাচুইটি প্রদানের জন্য নালিশি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক ১নং বিবাদীকে নির্দেশ প্রদান করা হইল।

৩.০ এমতাবস্থায়, জনাব মো: আব্দুর রহমান মন্ডল, সহকারী শিক্ষক (কম্পিউটার), বর্ধনকুঠি পাইলট উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর আবেদনের বিষয়ে অত্র বিভাগের কি করণীয় সে বিষয়ে আইন উপদেষ্টার মতামতসহ প্রতিবেদন আগামী ১৫ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩. জনাব মো: আব্দুর রহমান মন্ডল, সহকারী শিক্ষক (কম্পিউটার), বর্ধনকুঠি পাইলট উচ্চ বিদ্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৪. অফিস কপি।